গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries.sylhetdiv.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৫.৭০.০০১.১৪- ৩৩৫ তারিখ-০৪/০৯/২০২২খ্রি:

## সভার নোটিশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম সভা আগামী ০৬/০৯/২০২২ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বেো ০১.০০ ঘটিকার সময় মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট- এর বিভাগীয় দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ আনোয়ার হোসেন)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
ফোন-০২৯৯৬৬৩৬১৫৭
ই-মেইল : ddsylhet@fisheries.gov.bd

১। জেলা মৎস্য অফিসার, সিলেট/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ মৌলভীবাজার।
২। সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৩। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৪। সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সকল সিলেট/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ মৌলভীবাজার।
৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, সকল সিলেট/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ মৌলভীবাজার।
৭। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, খাদিমনগর, গোলাপগঞ্জ সিলেট/ মৌলভীবাজার/ শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।
৮। হ্যাচারি অফিসার, কার্প হ্যাচারি কমপ্লেক্স, নবীগঞ্জ, হবিগঞ্জ/ শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৯। জনাব---------------------------------------------------, মৎস্য চাষী/ মৎস্য খাদ্য বিক্রেতা/মৎস্যজীবি/ হ্যাচারী মালিক/অন্যান্য।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries.sylhetdiv.gov.bd

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এর দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার কার্যবিবরণীঃ**

সভাপতি: মো: আনোয়ার হোসেন, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ।
তারিখ ও সময়: ৬/০৯/২০২২, বেো: ১.০০ ঘটিকা
সভার স্থানঃ উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ সংযুক্ত (পরিশিষ্ট 'ক')।

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট মো: আনোয়ার হোসেন এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। তিনি বলেন যে মৎস্য অধিদপ্তর দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করে যাচ্ছে। তিনি সহকারী পরিচালক আল-মিনান নূরকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি সম্পর্কে বক্তব্য উপস্থাপন করতে আহ্বান জানান।

**২.** সহকারী পরিচালক আল-মিনান নূরকে সভাকে জানান যে সেবা প্রদান, মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) এর প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭, অনুসরণ করার নির্দেশিকা রয়েছে।

**৩.** সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন নির্দেশিকা, ২০২২-২৩ সভায় আলাচনা করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| | |
|---|---|
| ১। | প্রতিটি দপ্তরের **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩** অনুযায়ী ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন অফিসে প্রেরণসহ ওয়েবসাইটে দৃশ্যমান করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২। | পরিকল্পনায় ৩নং ক্রমিকভূক্ত ত্রৈমাসিক ভিত্তিতে সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরাসহ (আওতাধীন দপ্তর/ সংস্থাসহ) কার্যক্রমগুলোতে অফিস প্রধানগণ ব্যক্তিগতভাবে নিশ্চিত করবেন। |
| ৩। | পরিকল্পনায় ২নং ক্রমিকভূক্ত সেবা প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অত্যন্ত একটি অবহিতকরণ সভা আভ্যন্তরীন সেবা গ্রীতাদের সাথে করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আনোয়ার হোসেন)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries.sylhetdiv.gov.bd

## পরিবীক্ষণ কমিটির পর্যালোচনা ১ম ত্রৈমাসিক সভার প্রতিবেদন

মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এর সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৮/০৯/২০২২খ্রি: তারিখে দপ্তরের এবং ৬/০৯/২০২২ খ্রি: তারিখে আয়েজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভায় সকল দপ্তরের সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ ও পর্যালোচনা করা হয়। পরিবীক্ষণ কমিটির পর্যালোচনার আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:

১। সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুযায়ী সিটিজেন'স চার্টার হালনাগাদ পূর্বক ওয়েবসাইটে আপলোডকরণ।

২। সিটিজেন'স চার্টারের নির্ধারিত কলামের অন্যান্য বিষয়াদি যেমন-দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার তথ্যাদিসহ প্রাসঙ্গিক তথ্যাদি হালনাগাদকরন।

সুপারিশ:

১। সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুযায়ী সিটিজেন'স চার্টার হালনাগাদ পূর্বক মৎস্য অধিদপ্তর সিলেট বিভাগের মাঠ পর্যায়ের স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

২। সিটিজেন'স চার্টার নির্ধারিত কলামসমূহের অন্যান্য বিষয়াদি যেমন-দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার তথ্যাদিসহ প্রাসঙ্গিক তথ্যাদি হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেটের সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৮/০৯/২০২২খ্রি: তারিখে দপ্তরের এবং ৬/০৯/২০২২ খ্রি: তারিখে আয়েজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভায় সকল দপ্তরের সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ করা হয়। সুপারিশের আলোকে বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| ক্র. নং | পরিবীক্ষণ কমিটির সুপারিশে | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুযায়ী সিটিজেন'স চার্টার হালনাগাদ পূর্বক ওয়েবসাইটে আপলোডকরণ | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী সিটিজেন'স চার্টার হালনাগাদ করা হয়েছে। | |
| ২ | সিটিজেন'স চার্টার নির্ধারিত কলামসমূহের অন্যান্য বিষয়াদি যেমন- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার তথ্যাদিসহ প্রাসঙ্গিক তথ্যাদি হালনাগাদকরন। | সংশ্লিষ্ট তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries.sylhetdiv.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৫.৭০.০০১.১৪- ৩৮২ তারিখ:-২৯/০৯/২২

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ১ম ত্রৈমাসিক পরীবিক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সুত্র: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিক কার্যক্রম হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটে আপলোডকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে সভার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির প্রতিবেদনের আলোকে সুপারিশ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় প্রথমম ত্রৈমাসিকে উল্লেখিত কার্যক্রমসমূহ সম্পাদনের প্রমানক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ আনোয়ার হোসেন)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।